

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.১৪.০১৬.২০-১৩২৪

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩০
৩০ আগস্ট ২০২৩

বিষয়: বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে কচুয়া পৌরসভা, চাঁদপুর কর্তৃক বাস্তবায়নাধীন “কচুয়া পৌর এলাকায় গ্রীন হাউজ গ্যাস নিঃসরণ কমানোর লক্ষ্যে এবং পরিবেশ উন্নয়নে সৌর সড়ক বাতি স্থাপন” শীর্ষক প্রকল্পের ৪র্থ কিস্তির অর্থ ছাড়করণের প্রস্তাব।

সূত্র : ১। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম এর পত্র নং-০৫.৪২.২০০০.০৪১.০৬.০০৮.২৩-৬৩৬; তারিখ: ১০ আগস্ট ২০২৩
২। কচুয়া পৌরসভা কার্যালয়ের স্মারক নং-৪৬.২০.১৩৫৮.০৫৭-১৩৮, তারিখ: ২৮ মে ২০২৩ খ্রি:।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে কচুয়া পৌরসভা, চাঁদপুর কর্তৃক বাস্তবায়নাধীন “কচুয়া পৌর এলাকায় গ্রীন হাউজ গ্যাস নিঃসরণ কমানোর লক্ষ্যে এবং পরিবেশ উন্নয়নে সৌর সড়ক বাতি স্থাপন” শীর্ষক প্রকল্পের ৪র্থ কিস্তির অর্থ ছাড়করণের লক্ষ্যে পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম এর পরিদর্শন করা হয়। উক্ত পরিদর্শন প্রতিবেদনে নিম্ন বর্ণিত সুপারিশ করা হয় (কপি সংযুক্ত):

সুপারিশ:

- (১) ‘প্রকল্প প্রস্তাব’ অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের পর তা পৌরসভার দক্ষ জনবল দ্বারা রক্ষণাবেক্ষণ করা হবে। সুতরাং সড়কবাতি ও এর যন্ত্রাংশ চুরি রোধে কচুয়া পৌরসভা কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে;
- (২) সড়কবাতি স্থাপনের স্থান নির্বাচন করার ক্ষেত্রে আবশ্যিকভাবে মাসিক/সময়/বিশেষ সভার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং যথাযথভাবে কার্যবিবরণীতে লিপিবদ্ধ করতে হবে এবং মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হতে হবে। শুধুমাত্র মেয়র এর অনানুষ্ঠানিক অনুমোদন গ্রহণযোগ্য নয়;
- (৩) সড়কবাতি স্থাপনে প্রকল্পের দ্বৈততা পরিহার করা যেতে পারে। একই ধরনের প্রকল্প দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ইতোমধ্যে একই পৌর এলাকায় বাস্তবায়ন করা হয়েছে;
- (৪) SREDA এর কারিগরী স্পেশিফিকেশন অনুযায়ী সড়কবাতি বিশেষ করে লাইট ও ব্যাটারি স্থাপন করা হয়েছে কিনা, তার কারিগরী বিষয়টি সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক যাচাই করা প্রয়োজন। স্থাপিত বাতিগুলো স্পেশিফিকেশন অনুযায়ী আলো প্রদান করছে কিনা, তাও যাচাই করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, “কচুয়া পৌর এলাকায় গ্রীন হাউজ গ্যাস নিঃসরণ কমানোর লক্ষ্যে এবং পরিবেশ উন্নয়নে সৌর সড়ক বাতি স্থাপন” শীর্ষক প্রকল্পের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক প্রতিবেদন ও প্রত্যয়নসহ পুনরায় প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


৩০/০৮/২০২৩
মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: lgpaura1@lgd.gov.bd

মেয়র

কচুয়া পৌরসভা

চাঁদপুর

অনুলিপি:

১. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রকল্প পরিচালক, “কচুয়া পৌর এলাকায় গ্রীন হাউজ গ্যাস নিঃসরণ কমানোর লক্ষ্যে এবং পরিবেশ উন্নয়নে সৌর সড়ক বাতি স্থাপন” শীর্ষক প্রকল্প, কচুয়া পৌরসভা, চাঁদপুর
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।